

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ২০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪১৯৩

বিষয়: মোংলা বন্দরে আগতব্য MV WECO TATI জাহাজ হতে সড়ক ও নৌপথে মোট

৬০,৮৭৫ (+/-) মে.টন গমের চলাচল সংশোধিত সূচি (সূচি নং-১৪৩)।

সূত্র: ১। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ১৩-১১-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪১৬৮ নং স্মারক

২। সেভেন সীজ শিপিং লাইন্স এর ১৮-১১-২০২৫ খ্রি. SSSL1585WCT4025 নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. WECO TATI জাহাজের গম খালাসের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের চাহিদার প্রেক্ষিতে ২৫,৮০০ মে.টন বস্তাবন্দি গম এবং অবশিষ্ট ৩৫,০৭৫ (+/-) মে.টন ঢালা গম মোংলা সাইলোতে খালাসের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে চলাচল সূচি জারি করা হয়। সূত্রস্থ ২ নং স্মারকে উল্লেখ করা হয়েছে, MV. WECO TATI জাহাজ মোংলা বন্দরে (ফেয়ারওয়ে) ১৪ নভেম্বর ২০২৫ খ্রি. পৌছায় এবং বর্তমানে ফেয়ারওয়ে বয়ায় খালাস চলমান রয়েছে। উক্ত জাহাজটি হারবাড়িয়া অ্যাঞ্জেরেজে স্থানান্তরের জন্য ৭.৫ মিটার ড্রাফ্ট অর্জনের লক্ষ্যে ফেয়ারওয়ে বয়া এবং হিরন পয়েন্টে প্রায় ৩৬,০০০ মে.টন গম খালাস করতে হবে। উল্লেখ্য উক্ত জাহাজ হতে ২৫,৮০০ মে.টন বস্তাবন্দি করে খালাস করা হলে মোংলা বন্দরে খালাস কার্যক্রম সম্পন্ন করতে প্রায় ১৩-১৫ দিন বিলম্ব হতে পারে। ফলে মূল জাহাজ আটকে থাকার সম্ভাবনা রয়েছে। বিলম্ব এড়াতে এবং জাহাজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য হারবাড়িয়া অ্যাঞ্জেরেজে অতিরিক্ত ১০,০০০ মে.টন ঢালা গম এবং অবশিষ্ট ১৪,৮০০ মে.টন বস্তাবন্দি আকারে খালাসের অনুমতি প্রদানের জন্য বিনীতভাবে অনুরোধ জানিয়েছে।

তৎপ্রেক্ষিতে সেভেন সীজ শিপিং লাইন্স এর আবেদন বিবেচনায় MV. WECO TATI জাহাজের গম দ্রুত খালাসের লক্ষ্যে সাশ্রয়ী রুটে রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগ স্থাপনাসমূহে খালি জায়গা বিবেচনায় সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে সড়ক ও নৌপথে মোট ১৫,৮০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো। উল্লেখ্য নিয়ন্ত্রণ বর্হিভূত কারণে জারিকৃত চলাচল সূচির অংশ প্রাপক কেন্দ্রে পরিবহণ করা সম্ভব না হলে সাশ্রয়ী রুট বিবেচনায় মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে। তবে সেক্ষেত্রে অবশ্যই সূচি পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগকে অবহিত করতে হবে কিংবা যৌক্তিক বিশ্লেষণপূর্বক ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব এ দপ্তরে প্রেরণ করতে হবে।

(ক) মোংলা বন্দর হতে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে রাজশাহী বিভাগে নৌপথে গমের চলাচল সূচিঃ

ক্র. নং	জাহাজের নাম	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা বন্দর (MV. WECO TATI জাহাজ)	বাঘাবাড়ী ঘাট, সিরাজগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ এলএসডি	৩০০	বস্তাবন্দি গম	নৌ/ সড়ক পথ	চসনি, খুলনা বাঘাবাড়ী ঘাট নৌপথে উপসূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	রাজশাহী	রাজশাহী এলএসডি	৬০০	ঐ	ঐ	আখানি, রাজশাহী বাঘাবাড়ী ঘাট হতে সড়ক পথে প্রাপক কেন্দ্রে পরিবহণ এর
৩.	ঐ	ঐ	ঐ	নওহাটা এলএসডি	৩০০	ঐ	ঐ	

৪.	ঐ	ঐ	বগুড়া	বগুড়া এলএসডি	১২০০	ঐ	ঐ	নিমিত্ত উপসূচি জারি করবেন।
				মোট =	২৪০০			

(খ) মোংলা বন্দর হতে খুলনা ও বরিশাল বিভাগ গমের চলাচল সূচি :

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা বন্দর (MV. WECO TATI জাহাজ)	-	পটুয়াখালী	পটুয়াখালী এলএসডি	৬০০	বস্তাবন্দি গম	নৌ ও সড়ক পথ	চসনি, খুলনা কম ব্যয় বিবেচনায় উপসূচি জারি করবেন
২.	ঐ	-	ভোলা	ভোলা এলএসডি	৬০০	ঐ	ঐ	
৩.	ঐ	-	ঝালকাঠি	ঝালকাঠি (গ্রেড-১) এলএসডি	১২০০	ঐ	ঐ	
৪.	ঐ	-	বরিশাল	বরিশাল এলএসডি	১২০০	ঐ	ঐ	
৫.	ঐ	-	পিরোজপুর	পিরোজপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	
৬.	ঐ	-	খুলনা	ফুলতলা এলএসডি	৬০০	ঐ	ঐ	
৭.	ঐ	মহেশ্বরপাশা ঘাট, খুলনা	ঐ	মহেশ্বরপাশা সিএসডি	৫০০০	ঐ	ঐ	
৮.	ঐ	৪ নং/ ৭ নং ঘাট, খুলনা	ঐ	খুলনা সিএসডি	৩৯০০	ঐ	ঐ	
				মোট=	১৩৪০০			
				সর্বমোট =	১৫৮০০			

\* উক্ত জাহাজের অবশিষ্ট ৪৫,০৭৫(+/-) মে.টন ঢালা গম চুক্তি মোতাবেক সরবরাহকারী এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্ট মোংলা সাইলোতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহন কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৬। ডি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল

যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১০। সূচির মেয়াদ আগামী ০৩-১২-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে। নির্ধারিত মেয়াদের পর গম পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করা হবে। এছাড়া বাঘাবাড়ী ঘাট হতে অভ্যন্তরীণ সূচির মেয়াদ জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ নির্ধারণ করবেন।

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২০-১১-২০২৫

মোঃ আনিছুর রহমান  
সহকারি উপপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৪১৯৩/১ (৯)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
- ৪। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা, খুলনা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক .....
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। ব্যবস্থাপক, খুলনা/মহেশ্বরপাশা সিএসডি, খুলনা।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, .....এলএসডি।



A handwritten signature in black ink, consisting of a series of loops and a long horizontal stroke.

২০-১১-২০২৫  
মোঃ আনিছুর রহমান  
সহকারি উপপরিচালক